

উপজেলা পরিষদ
রুমা, বান্দরবান পার্বত্য জেলা


উপজেলা পরিষদের সমাজকল্যাণ কমিটি নভেম্বর-২০২১ মাসে সভার কার্যবিবরণি:

| | | |
|---------------|---|---|
| সভাপতি | : | জনাব নুশাউ মার্মা ভাইস চেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ রুমা, বান্দরবান পার্বত্য জেলা |
| সভার স্থান | : | মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ |
| সভার তারিখ | : | ২৪/১১/২০২১ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' তে দেখানো হ'ল |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোনরূপ সংযোজন, বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমসং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|--|--|--|
| | <p>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, সামাজিক নিরাপত্তা বেটনী আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী, অনগ্রসর জনগোষ্ঠি বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠি শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি ভাতাসমূহ জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত জিটুপি পদ্ধতিতে মোবাইল বিকাশ ব্যাংকিং মাধ্যমে ভাতার টাকা প্রদান করা হচ্ছে।</p> <p>পল্লী সমাজসেবা কার্যক্রমের পাড়ার দলের সদস্য/সদস্যাদের মধ্যে ক্ষুদ্র ঋণ মূলবিনিয়োগ ও পুনঃবিনিয়োগের জন্য ৮৫ জন সদস্য/সদস্যাদের আবেদন স্কীম তৈরী করা হয়েছে। পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ কর্মসূচীর পাড়ার মাতৃকেন্দ্রে ৩৭ জনকে বিতরণের স্কীম আবেদন জমা হয়েছে।</p> | <p>বিস্তারিত আলোচনান্তে তাঁর বিভাগের সকল নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়।</p> | <p>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রুমা</p> |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নুশাউ মার্মা)
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ কমিটি
রুমা, বান্দরবান পার্বত্য জেলা

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৩। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। চেয়ারম্যান, ৩নং রেমাক্রী প্রাংসা ইউপি ও সদস্য এ কমিটি, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৫। জনাব,..... (সকল সদস্য), রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৬। অফিস কপি



উপজেলা সামাজ্যসেবা কর্মকর্তা

ও

সদস্য-সচিব

উপজেলা সমাজকল্যাণ কমিটি

উপজেলা পরিষদ

রুমা, বান্দরবান পার্বত্য জেলা

পরিশিষ্ট 'ক'

উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত সমাজকল্যাণ কমিটি সভার উপস্থিতি তালিকা :

- ১। জনাব নুশাউ মার্মা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা।
- ২। জনাব রানা দাশ, পক্ষে উপজেলা সামাজ্যসেবা কর্মকর্তা, রুমা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৩। জনাব ফাহিম মজুমদার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রুমা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। জনাব জিরা বম, চেয়ারম্যান, ৩নং রেমাক্রী প্রাংসা ইউনিয়ন পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা।

অনুপস্থিতির তালিকা :

- ১। জনাব ইসাই বম, সমাজকর্মী, ইডেন পাড়া, রুমা, বান্দরবান পার্বত্য জেলা।